নড়াইল প্রেস ক্লাবে সভাপতি টুকু সম্পাদক পদে টুলু নির্বাচিত

নড়াইল পেস ক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচনে সভাপতি পদে এনামুল কবীর টুকু (বিটিভি ও দৈনিক আমাদের সময়) এবং সাধারণ সম্পাদক পদে শামীমূল ইসলাম টুলু (দৈনিক সমকাল)সহ কার্যকরী পরিষদের ১৫ সদস্য বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন।

কার্যকরী পরিষদের নির্বাচিত অন্যান্য সদস্যবৃন্দ হলেন, সহ-সভাপতি সৈয়দ নাইমুর রহমান ফিরোজ (দৈনিক আজকের বিজনেস বাংলাদেশ) ও এম মুনীর চৌধুরী (এনটিভি), যুগ-সাধারণ সম্পাদক আ্যাড. তারিকুজ্জামান লিটু (দৈনিক ইত্তেফাক ও বাংলাভিশন) ও এম এম মাহবুবুর রশিদ লাবলু (বাংলা টিভি ও বিডি নিউজ ২৪ ডট কম), কোষাধ্যক্ষ মিরাজ খান (বৈশাখী টিভি), ক্রীড়া ও সংস্কৃতি সম্পাদক মুন্সি আছাদুর রহমান (ইনডিপিন্ডেন্ট টিভি), দপ্তর সম্পাদকক লুৎফুল আলম সজল (দৈনিক প্রতিদিনের সংবাদ), নির্বাহী সদস্য মীর্জ নজরুল ইসলাম (মাছরাঙ্গা টিভি), মোঃ হাফিজুর রহমান (সাপ্তাহিক নড়াইল বার্তা), গুলশান আরা দৈনিক ওশান), মলয় কান্তি নন্দী (দি ইনডিপেন্ডেন্ট), সুলতান মাহমুদ (দি নিউ এজ) এবং সাইফুল ইসলাম তুহিন (দৈনিক কালের কন্ঠ ও চ্যানেল ২৪)। এ নির্বাহী পরিষদ এর সকল সদস্য ২০১৯ থেকে ২০২১ মেয়াদের জন্য বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন।

নড়াইল প্রেস ক্লাবের ভোট গ্রহনের দিন ছিল ২৩ আগস্ট ২০১৯। নির্বাচনী তফশীল অনুযায়ী সভাপতি ও সাধারণ সম্পাদকসহ নির্ধারিত ১৫টি পদে মোট ১৫ জন প্রার্থী তাঁদের মনোনয়ন পত্র নির্বাচন পরিচালনা কমিটির নিকট জমা দেন। মনোনয়ন পত্র বৈধ হওয়ায় এবং নির্ধারিত সময়ের (১৩ আগস্ট) মধ্যে কেউ প্রার্থীতা প্রত্যাহার না করায় নির্বাচন পরিচালনা কমিটি সকল প্রার্থীকে স্ব স্ব পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করেন।